

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১৩৬/২০১৯-৪১২

তারিখঃ ১৭ জুলাই ২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ০৭-০৭-২০১৭ খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নার্স-মিডওয়াইফারি ডিজিটাল (সেমি-স্মার্ট) রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর প্রথম ধাপে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (তিন বছর), ডিপ্লোমা ইন মিডওয়াইফারি (তিন বছর) ও বিএসসি ইন নার্সিং (চার বছর) কোর্সের কম্প্রিহেনসিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষায় উত্তীর্ণদের মাধ্যমে শুরু করা হয়। দ্বিতীয় ধাপে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (চার বছর) কোর্সে উত্তীর্ণদের রেজিস্ট্রেশন নবায়নকালে ইস্যু করা হয়। তৃতীয় ধাপে (ক) ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড অর্থোপেডিক (চার বছর), (খ) ডিপ্লোমা ইন-নার্সিং (তিন বছর), (গ) ডিপ্লোমা ইন মিডওয়াইফারি (এক বছর), (ঘ) ডিপ্লোমা ইন অর্থোপেডিক নার্সিং (এক বছর) এবং (ঙ) বিএসসি ইন নার্সিং (পোস্ট-বেসিক) রেজিস্ট্রার্ডগণের কার্ড নবায়নকালে পূর্বের কার্ড জমা রেখে “ডিজিটাল রেজিস্ট্রেশন (সেমি-স্মার্ট)” কার্ড ইস্যু করা হচ্ছে। চতুর্থ ধাপে কার্ডের তথ্যগত দিক হালনাগাদ করে প্রথম রেজিস্ট্রার্ডগণের কার্ডে অন্যান্য তথ্য বহাল রেখে Date of Registration, Date of Renewed ও Date of Expire এর স্থলে Valid upto নবায়নকারীদের কার্ডের নির্ধারিত স্থানে যুক্ত হবে, যা ০১-০৮-২০১৯ খ্রিঃ তারিখ থেকে কার্যকর হবে।

কার্ড ব্যবহার বিধি, শর্ত ও নির্দেশনাসমূহঃ

- নবায়ন ফরম (চেকলিস্ট) পূরণ পূর্বক ডিজিটাল রেজিস্ট্রেশন কার্ডে কার্ডধারীর স্বাক্ষর ও ছবি সফটওয়্যারের মাধ্যমে যুক্ত হবে বিধায় অবশ্যই প্রার্থী নিজে উপস্থিত হয়ে জমাদান ও গ্রহণ করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডে জাতীয় পরিচয়পত্র নম্বর-সহ অন্যান্য তথ্য অন্তর্ভুক্তির সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে বিধায় NID এর কপি সংযুক্ত করতে হবে।
- ডিজিটাল রেজিস্ট্রেশন কার্ড নার্স-মিডওয়াইফারি পেশাগত কাজ ও চাকুরীর জন্য পেশাগত সনদ হিসেবে পূর্বের কার্ডের অনুরূপ গণ্য হবে।
- রেজিস্ট্রেশনধারী তার কার্ড অতীব গুরুত্ব সহকারে সংরক্ষণ করবেন।
- রেজিস্ট্রেশন কার্ড প্রকৃত নার্স-মিডওয়াইফারি পরিচয় বহন করে বিধায় কার্ডে ও ছবির উপর স্বাক্ষর দৃশ্যমান অবস্থায় সাদা (ক্লিয়ার) ক্লিপ দিয়ে কর্তব্যরত অবস্থায় নিজের সাথে (প্রদর্শন করতে হবে) রাখতে হবে।
- কার্ডের সম্মুখে রেজিস্ট্রেশন নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি এবং পিছনে ডিজিটাল QR Code দেয়া আছে। QR Code Reader Software Reading এর (মোবাইল অ্যাপস) মাধ্যমে রেজিস্ট্রার্ড নার্স-মিডওয়াইফারি প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে।
- প্রতিটি কার্ডের QR Code নিচে পৃথক ইউনিক সিরিয়াল নম্বর থাকবে, যা একটির সাথে অপরটির সম্পূর্ণ পার্থক্য পরিলক্ষিত হবে।
- খুব সহজেই রেজিস্ট্রেশনের সঠিকতা যাচাইয়ের জন্য কাউন্সিলের ওয়েব সাইট www.bnmc.gov.bd এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর ও কোর্সের নাম দিয়ে সার্চ করলেই তথ্য পাওয়া যাবে।
- প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর রেজিস্ট্রেশন নবায়নের জন্য নিয়মানুযায়ী অত্র কার্ড জমা সাপেক্ষে নবায়ন করতঃ নতুন কার্ড ইস্যু করা হবে।
- নিজের কার্ড অন্যের নিকট হস্তান্তর, ছবু নকল তৈরী, রপ্তানি প্রিন্ট/ ফটোকপি, কার্ড সম্পর্কিত তথ্য গোপন করে ডুপ্লিকেট তোলা, কার্ডের আকার বিকৃত বা ইচ্ছাকৃতভাবে নষ্ট করা ইত্যাদি অপরাধ বলে গণ্য হবে। বিষয়গুলো আচরণ বিধিতে (Code of Conduct) যুক্ত হবে। এমতাবস্থায় আচরণ বিধি ভঙ্গের দায়ে কাউন্সিল তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।
- ডিজিটাল রেজিস্ট্রেশন কার্ডে প্রয়োজনীয় সংশোধনী, নাম/ছবি পরিবর্তন, ডুপ্লিকেট উত্তোলনের জন্য পূর্ব নির্ধারিত নিয়মাবলী বহাল থাকবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১৩৬/২০১৯-৪১২/১(৫০০)

তারিখঃ ১৭-০৭-২০১৯ খ্রিঃ

অনুলপি অবগতি ও কার্যার্থেঃ

- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট সকলের অবগতির অনুরোধসহ)।
- যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- পরিচালক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলানগর, ঢাকা।
- উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- পরিচালক/ সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক (সকল)
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ নার্সিং সুপারিনটেনডেন্ট/ নার্সিং সুপার ভাইজার (সকল)
- অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট (সকল)
- হিসাব শাখা, বিএনএমসি (অবগতির জন্য)/ সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
- নোটিশ বোর্ড, বিএনএমসি/ডিজিএনএম।
- জনাব/ বেগম



রেজিস্ট্রার